

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
বাগতিপাড়া, নাটোর।

বিষয় : জাতীয় গুদ্রাচার কৌশল নৈতিকতা কমিটির সভা।

সভাপতি : ড. সাবরিনা আনাম উপজেলা শিক্ষা অফিসার, বাগতিপাড়া, নাটোর।

সভার স্থান: উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়।

তারিখ : ২৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রি.

সময় : সকাল ১০.৩০ মি.

সভার উপস্থিত সম্মানীয় সদস্যগণের তালিকা পরিশিষ্ট “ক”।

ক্র.নং	নাম	ঠিকানা ও পদবী	সভায় পদবী	স্বাক্ষর
১	ড. সাবরিনা আনাম	উপজেলা শিক্ষা অফিসার, বাগতিপাড়া, নাটোর	আহ্বায়ক	স্বাক্ষরিত/-
২	সরওয়ার মোর্শেদ	ইন্সট্রাক্টর, ইউআরসি, বাগতিপাড়া, নাটোর	সদস্য	স্বাক্ষরিত/-
৩	রতন কুমার পাল	এইউইও, বাগতিপাড়া, নাটোর	সদস্য	স্বাক্ষরিত/-
৪	মোঃ কামরুল হাসান	প্রধান শিক্ষক, পেড়বাড়িয়া মডেল স.প্রা.বি, বাগতিপাড়া, নাটোর	সদস্য	স্বাক্ষরিত/-
৫	মোঃ আশরাফুল ইসলাম মন্ডল	জ্যেষ্ঠ এইউইও, বাগতিপাড়া, নাটোর	সদস্য সচিব	স্বাক্ষরিত/-

অন্য ২৭/০৯/২০২৩ খ্রিঃ সকাল ১০.৩০ ঘটিকায় সভাপতি কর্তৃক সকলকে শুভেচ্ছা জানানোর পর সভার কাজ শুরু হয়।
অতঃপর নিম্নোক্ত আলোচ্য সূচি অনুযায়ী আলোচনা ও সভার সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	তৃতীয় প্রান্তিক মূল্যায়ন	উপজেলা শিক্ষা অফিসার প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৩৮.০১.০০০০.৪০০.৯১.০০২.১৭.(১)-৬৩ তারিখ : ০৯ মে ২০২৩ খ্রি. তারিখের সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২০২৩ শিক্ষাবর্ষের মূল্যায়ন নির্দেশনা পাঠ করে শোনান। ক) প্রতিটি ক্লাস্টারে / বিদ্যালয়ে বিষয় ভিত্তিক, দক্ষ শিক্ষক দ্বারা প্রশ্ন পত্র প্রণয়ন করতে হবে। খ) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও এনসিটিবি কর্তৃক নীতিমালা অনুসরণপূর্বক প্রশ্নপত্র তৈরী ও মান বটন নিশ্চিতকরণ। গ) ২য়-৫ম শ্রেণি (জ্ঞান, অনুধাবন, প্রয়োগমূলক শিখনক্ষেত্র বিবেচনায় রেখে) পর্যন্ত প্রশ্নপত্র আগামী ৩০/১০/২০২৩ খ্রি. তারিখের মধ্যে ক্লাস্টারের সহকারী উপজেলা শিক্ষা অফিসার বরাবর প্রেরণ করতে হবে। ঘ) ১ম শ্রেণির ক্ষেত্রে ধারাবাহিক ও প্রাক-প্রাথমিক শ্রেণির জন্য শিক্ষক সহায়িকার আলোকে অগ্রগতি যাচাই করতে হবে।	নীতিমালার আলোকে আলোচনাস্ত্রে ৪ স্ব দায়িত্ব পালনে সিদ্ধান্ত গৃহীত হয়।	এইউইও, সকল প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক
০২	সঠিক সময়ে আপমন ও প্রস্থান	সভায় দুই জন সহকারী উপজেলা শিক্ষা অফিসার জানান যে, কোন কোন বিদ্যালয়ের শিক্ষক বিদ্যালয়ে যথাসময়ে উপস্থিত হচ্ছেন না। ফলে বিদ্যালয়ের পাঠদালনসহ অন্যান্য কাজের ব্যাপক ক্ষতি হচ্ছে। মানসম্মত শিক্ষার জন্য শিক্ষকদের বিদ্যালয়ে যথাসময়ে উপস্থিত হওয়া আবশ্যিক।	সঠিক সময়ে শিক্ষকদের উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং প্রয়োজনে হোয়াটস গ্রুপ এ পরিদর্শন অব্যাহত রাখতে হবে।	এইউইও, প্রধান শিক্ষক

০৩	নৈতিক গুণাবলীর চর্চা	উপজেলা শিক্ষা অফিসার জানান যে,কোমলমতি শিশুদেরকে একজন আদর্শ নাগরিক হিসেবে গড়ে তুলতে হলে বিদ্যালয়ে ও পরিবারে নৈতিক গুণাবলীর চর্চা করানো প্রয়োজন।	*সর্বস্তরে সালাম এর চর্চা করতে হবে। *প্রতিটি বিদ্যালয়ে পাঠাগার ও দৃষ্টিনন্দন ফুলের বাগান করতে হবে।	এ.ইউ.ই.ও,প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ।
০৪	পরিষ্কার-পরিচ্ছন্নতা	স্বাস্থ্য সুরক্ষার জন্য উপজেলা শিক্ষা অফিস, বিদ্যালয়ের অফিস কক্ষ,শৈশিকক্ষ ও আঙ্গিনা নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা প্রয়োজন।	প্রতি মাসের ১ম/২য় বৃহস্পতিবার স্ব স্ব প্রতিষ্ঠানের পুরাতন মালামাল অপসারণসহ পরিচ্ছন্ন রাখা হবে।	কর্মকর্তা-কর্মচারী/প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক ও শিক্ষার্থী।

পরিশেষে অত্র সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড.সাবরিনা আনাম)
উপজেলা শিক্ষা অফিসার
ও

আহ্বায়ক
জাতীয় শুদ্ধাচার কৌশল নৈতিকতা কমিটি
বাগাতিপাড়া, নাটোর।

স্মারক নং-উশিঅ/বাগাতি/নাট/২০২৩/ ৩৭৭ (৬)

তারিখঃ ২৭/০৯/২০২৩ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, রাজশাহী।
২. উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া, নাটোর।
৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বাগাতিপাড়া, নাটোর।
৪. জনাবসম্মানীয় সদস্য, অত্র কমিটি
৫. অফিস কপি।

(ড.আশরাফুল ইসলাম মন্ডল)
জনাব মোঃ আশরাফুল ইসলাম মন্ডল
সহকারী উপজেলা শিক্ষা অফিসার

ও
সদস্য সচিব
জাতীয় শুদ্ধাচার কৌশল নৈতিকতা কমিটি
বাগাতিপাড়া, নাটোর।